



## বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

২৭২৪৬

নং-বামাশিবো/প্রশাসন/লক্ষীপুর-৪২/২৬৫৪

তারিখঃ ০৯/০৮/২০১৭খ্রিঃ

বিষয়ঃ ম্যানেজিং কমিটি ভেঞ্চে দেয়া প্রসঙ্গে।


- সূত্রঃ ১) নং-বামাশিবো/প্রশাসন/লক্ষীপুর-৪২/৩৬১; তারিখঃ ০৪/০৭/২০১৭খ্রিঃ  
২) স্মারক নং- ০৫.৪২.৫১০০.০৫৫.০৩.০০৩.১৭-৭১১; তারিখঃ ২২.০৬.২০১৭খ্রিঃ  
৩) নং-বামাশিবো/প্রশাসন/লক্ষীপুর-৪২/২৯৯; তারিখঃ ১১/০৪/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, লক্ষীপুর জেলার সদর উপজেলাধীন চাঁদখালী ইসলামিয়া দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটির সভাপতি মোজাম্মেল হোসেন এর বিরুদ্ধে মোঃ আবুল কালাম একখানা অভিযোগপত্র দাখিল করেন। দাখিলকৃত অভিযোগপত্রে দেখা যায়, সভাপতি মোজাম্মেল হোসেন এর বিরুদ্ধে মাদরাসার স্বার্থ পরিপন্থি কার্যকলাপে জড়িত থাকা, মাদরাসার গাছ বিক্রয় করে বিক্রয়ের টাকাসহ কমিটির সভার সিদ্ধান্ত ও অনুমোদন ব্যতীত অর্থ উত্তোলন করে আত্মসাৎ, মাদরাসার রেকর্ডপত্র মাদরাসায় না রেখে নিজের কাছে সংরক্ষণ করা, অসদাচরণ, বিশৃঙ্খলা সৃষ্টিসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে উল্লেখ করা হয়।

পরবর্তীতে উপরে উল্লিখিত অভিযোগের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, সদর, লক্ষীপুরকে সূত্রোক্ত ৩নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, লক্ষীপুর এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রে উল্লিখিত ২নং স্মারকে একটি প্রতিবেদন প্রেরণ করেন। তদন্তে উপরিউল্লিখিত অভিযোগসহ সুপারকে উদ্দেশ্যমূলকভাবে সাময়িক বরখাস্ত করার বিষয়টি সঠিক মর্মে প্রমাণিত হওয়ায় প্রতিষ্ঠানের স্বার্থে বিদ্যমান কমিটি ভেঞ্চে দেয়ার জন্য সুপারিশ করা হয়। এরই পরিপ্রেক্ষিতে এ দপ্তর হতে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঞ্চে দেয়া হবে না মর্মে সূত্রে উল্লিখিত ১নং স্মারকে সভাপতি ও সুপারকে কারণ দর্শানো হয়। কারণ দর্শানোর প্রেক্ষিতে সুপার কোন জবাব প্রদান করেননি। অন্যদিকে সভাপতি কর্তৃক যে জবাব দাখিল করা হয়েছে, তা সন্তোষজনক নয়।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠানের স্বার্থে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং- বামাশিবো/প্রশা/৫২৬/নথি নং-লক্ষী-৪২; তারিখঃ ১২/১০/২০১৫খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি এতদ্বারা ভেঞ্চে দেয়া হলো। এডহক কমিটি গঠনের অনুমতি চেয়ে কাগজপত্রসহ আবেদন করার জন্য মাদরাসার সুপারকে নির্দেশ প্রদান করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
০৭.০৮.১৭

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮


প্রাপকঃ সুপার/ভারপ্রাপ্ত সুপার, চাঁদখালী ইসলামিয়া দাখিল মাদরাসা, সদর, লক্ষীপুর।

নং-বামাশিবো/প্রশাসন/লক্ষীপুর-৪২/২৬৫৪(৭)

তারিখঃ ০৯/০৮/২০১৭খ্রিঃ

সদয় লুভগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, সদর, লক্ষীপুর।
২. জেলা শিক্ষা অফিসার, লক্ষীপুর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, লক্ষীপুর।
৪. সভাপতি/সদস্যবৃন্দ- ভেঞ্চে দেয়া ম্যানেজিং কমিটি, চাঁদখালী ইসলামিয়া দাখিল মাদরাসা, সদর, লক্ষীপুর।
৫. জনাব মোঃ আবুল কালাম, পিতা- হাজী মনহুর আলী, গ্রাম- চাঁদখালী, সদর, লক্ষীপুর।
৬. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

  
০৭.০৮.১৭

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪